

ঝোপতন্ত্রের অবসান ও নির্বাচন '০৮

আব্দুর রহমান আবিদ

বুকের ছাঁতি আকাশ যে ছোঁয়
পেশীশক্তির দেশ;
আট বছরের হাঁক-ডাকে ছিল
ঝোপতন্ত্রের রেশ।

এদিক ছাড়ে, তো ওদিক ধরে
খেয়ালখুশী মত;
ঝোপতন্ত্রের ইতিহাসে ভরা
যুদ্ধবাজী যত।

বিদায় বেলায় শনির রাছ
ঘাড়ে ঝোপের 'পর;
রেটিং-ফেটিং বেজায় খারাপ
..... অতল গহবর।

অর্থনীতি যাচ্ছে-না-তাই
ডুবছে অন্ধকারে;
ঝোপ সাহেবের ঝোপ-প্রশাসন
ভরা যে ফাঁক-ফোকরে।

শুভ্রকেশী প্রৌঢ় যিনি
এলে ঝোপের পর,
এ দেশ পাবে ঝোপ সাহেবের
যোগ্য উত্তরাধিকার।

স্বর্ণকেশী, তস্বী নারী
অভিজ্ঞতায় জিরো;
তিনি ও প্রৌঢ়, স্বঘোষিত
'ম্যাভারিক আর হিরো'।

ঝোপ সাহেবের প্রতিস্থাপন
হয়না যদি এরা!
আসছে যে দিন, ভীষন খারাপ
আধাঁর দিয়ে ভরা।

তারচে যদি আসতো উঠে
কালোমানিকের জোট,
স্বস্তি পেতো বিশ্ববাসী
সার্থক হতো ভোট।

কালোমানিকের কথায় বাজে
পরিবর্তনের বীন;
তার সুরে সুর মিলিয়ে বলি -
“Change we can believe in”।

(পাদটিকাঃ ঝোপতন্ত্র = Bush policy/doctrine)

রচনাকালঃ ৭ই অক্টোবর, ২০০৮